



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়



কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

তারিখ: ১৬/১১/২০২০ খ্রি:

শোক বার্তা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঘনিষ্ঠ সহচর, মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার ২৬ নং আসামী, মুক্তি সংহতি পরিষদের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, জাতীয় সংসদের সাবেক ডেপুটি স্পিকার, শরিয়তপুর-২ আসনের সাবেক সংসদ সদস্য, জাতীয় বীর কর্নেল (অবঃ) শওকত আলী এর মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ ছাদেকুল আরেফিন। এক শোক বার্তায় উপাচার্য মহোদয় বলেন, এমন একজন জাতীয় বীর এর মৃত্যুতে আমরা একজন অকুতভয় দেশপ্রেমিক ও বঙ্গবন্ধুর আদর্শের বিশ্বস্ত সহযোগীকে হারালাম, যে শূন্যতা অপূরণীয়। বাঙালী জাতি তাঁর প্রতি চির কৃতজ্ঞ। উপাচার্য মহোদয় তাঁর রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)
জনসংযোগ অফিস